দৈনিক
ইত্তেফাক

তারিখ 28 NOV 2017
পৃষ্ঠা ... কলাম ...

# ববির ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত

■ বরিশাল অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) ২০১৭-১৮ শিক্ষা বর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশিত হয়েছে। অনলাইনের মাধ্যমে প্রকাশিত এই ফলাফলে 'ক' ইউনিটে পাসের হার ১৯ দশমিক ৭৯ ভাগ, 'খ' ইউনিটে ৮ দশমিক ২২ ভাগ এবং 'গ' ইউনিটে পাসের হার ১৩ দশমিক ০১ ভাগ রয়েছে। ফলে ৩টি ইউনিটে সামগ্রিকভাবে পাসের হার ১৫ দশমিক ৬০ ভাগ। রবিবার বিকালে আনুষ্ঠানিকভাবে এ ফলাফল কার্যক্রম প্রকাশের উদ্বোধন করেন উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, ফলাফল প্রস্তুতকরণ ও তথ্যপ্রদান ইউনিটের সমন্বয়ক সিএসই বিভাগের চেয়ারম্যান বঙ্গবন্ধু হলের প্রভোস্ট রাহাত হোসাইন ফয়সাল, প্রক্টর (ভারপ্রাপ্ত) ড. সুব্রত কুমার দাস প্রমুখ। ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট http://admission.eis.bu.ac.bd -এ পাওয়া যাবে।